ঢাকা ওয়াসা

বিষয়: ঢাকা ওয়াসার নির্বাহী ম্যাজিস্ট্রেট-২ মহোদয়ের ব্যবহারের জন্য চালকসহ ০১ (এক)টি কার গাড়ি ৫ (পাঁচ) মাসের জন্য ভাড়া গ্রহণের অনুমোদন প্রসঙ্গে।

০১। ঢাকা ওয়াসার মোবাইল কোর্ট পরিচালনা, বকেয়া রাজস্ব আদায় এবং অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণ অভিযান জোরদার করার লক্ষ্যে নির্বাহী ম্যাজিস্ট্রেট-২ মহোদয়কে নিয়মিত মাঠপর্যায়ে দায়িত্ব পালন করতে হয়। বর্তমানে ঢাকা ওয়াসার পরিবহন পুলে কোনো অতিরিক্ত বা অব্যবহৃত সরকারি গাড়ি সচল নেই এবং পর্যাপ্ত গাড়ি চালক (Driver) কর্মরত না থাকায় নির্বাহী ম্যাজিস্ট্রেট মহোদয়ের জন্য সার্বক্ষণিক কোনো যানবাহন বরাদ্দ দেওয়া সম্ভব হচ্ছে না। ফলে জরুরি অভিযান ও সরকারি দাপ্তরিক কাজ মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ (PPR-2025) অনুযায়ী এই ধরনের জরুরি ও সাময়িক সরকারি কাজের জন্য আরএফকিউ (RFQ) পদ্ধতি অত্যন্ত কার্যকর এবং সময়সাশ্রয়ী। সরকারি বিধিমালা ও বর্তমান বাজারদর বিবেচনা করে প্রতি মাসে চালকসহ কার গাড়ি ভাড়ার প্রাক্কলিত ব্যয় সর্বমোট ৮৭,০০০/- (সাতাশি হাজার) টাকা নির্ধারণ করা হলো। বিস্তারিত খরচের বিবরণ নিচে দেওয়া হলো:

ক্রমিক	ব্যয়ের খাত / বিবরণ	মাসিক প্রাক্কলিত বরাদ্দ (টাকা)
১.	গাড়ি চালকের (Driver) মাসিক বেতন ও ভাতা	২০,০০০/-
২.	মাসিক জ্বালানি খরচ (গ্যাস/অকটেন)	১৫,০০০/-
৩.	গাড়ির মূল বডি ভাড়া ও লুব্রিকেন্ট খরচ	৩০,০০০/-
৪.	অন্যান্য আনুমানিক খরচ (মেরামত, ফিটনেস, ওভারটাইম ও প্রফিট)	২২,০০০/-
	সর্বমোট (প্রতি মাস) =	৮৭,০০০/-

পাঁচ (৫) মাসের জন্য সর্বমোট প্রাক্কলিত ব্যয়: ৮৭,০০০ টাকা × ৫ মাস = ৪,৩৫,০০০/- (চার লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা।

চলতি ২০২৬-২০২৭ অর্থ বছরের ঢাকা ওয়াসার রাজস্ব বাজেটের "যানবাহন ভাড়া/যাতায়াত ব্যয়" খাত থেকে এই ব্যয় নির্বাহ করা হবে।

০৩। বর্ণিতাবস্থায়, ঢাকা ওয়াসায় নির্বাহী ম্যাজিস্ট্রেট-২ মহোদয়ের দাপ্তরিক কাজের স্বার্থে RFQ পদ্ধতিতে, কাজ সন্তোষজনক হওয়া সাপেক্ষে মেয়াদ বৃদ্ধির সুযোগ রেখে, প্রতি মাসে ৮৭,০০০/- টাকা হারে চালকসহ ০১টি কার গাড়ি ৫ (পাঁচ) মাসের জন্য প্রাক্কলিত মোট- ৪,৩৫,০০০/- (চার লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা ভাড়া করার লক্ষ্যে কোটেশন ডকুমেন্ট অনুমোদন ও কোটেশন বিজ্ঞপ্তি জারির প্রশাসনিক অনুমোদনের জন্য নথিটি সদয় পেশ করা হলো।

মোঃ সুলতান মাহমুদ
পরিবহন কর্মকর্তা (চঃ দাঃ)
পরিবহনপুল
ঢাকা ওয়াসা।

মোঃ জাহাঙ্গীর হোসেন
উপ-সচিব
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।

মোঃ আব্দুল হাই মিলটন
সচিব
ঢাকা ওয়াসা

এ,কে,এ,এম, ফজলুল হক
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা।

মোঃ আমিনুল ইসলাম
সাবেক সচিব
ও
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।